

অধ্যায়:সংকল্প  
কাজী নজরুল ইসলাম

কবিতাটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- কিশোর মনের সংকল্পের বর্ণনা
- নতুনকে জানার আগ্রহ সম্পর্কে বর্ণনা
- নানা রকম অভিযানের কথা বর্ণনা
- মহাকাশ সম্পর্কে বর্ণনা

কবিতাটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

অসীম বিশ্বকে জানতে মানুষের কৌতুহলের অন্ত নেই । কবিতার কিশোরও তেমনি জানতে চায় সবকিছু । আবিষ্কার করতে চায় অসীম আকাশের অজানা রহস্য । অসীমে, অতলে, অন্তরীক্ষে দুঃসাহসীদের ছুটে চলার কারণ জানতে চায় সে । এসব ভাবনা থেকে পৃথিবীটা ঘুরে দেখার জন্য সে মনে মনে প্রতিজ্ঞা করে ।

সম্পূর্ণ কবিতাটি পড়বে ।

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

যুগান্তর=অন্যযুগ বা সময় ।  
মরণ যন্ত্রণা=মৃত্যুর কষ্ট ।  
দুঃসাহসী=অত্যাধিক সাহস আছে এমন ।  
চন্দ্রলোক=চাঁদের দেশ ।  
অচিনপুর=অচেনা স্থান ।  
ফেড়ে=ছিঁড়ে ।  
নেশা=আকর্ষণ ।  
বীর=সাহসী ।

**\*পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :**

১. সংকল্প কবিতার কবির নাম কি?
২. পাতাল ফেড়ে কোথায় নামবে?
৩. আকাশ ফেড়ে কে উঠবে?
৪. বিশ্বজগৎকে কবি কীভাবে দেখতে চান?
৫. চন্দ্র লোকের অচিনপুরে কিশোর কীভাবে যেতে চায়?
৬. কিশোর কেমন ঘরে থাকবে না?
৭. মানুষ কোথায় ঘুরছে?
৮. কবি কেমন ঘরে থাকবে না?
৯. কে জগৎটাকে দেখবে?
১০. মানুষ কোথায় ঘুরছে?
১১. কেন মানুষ এক দেশ থেকে অন্য দেশে ছুটছে?
১২. কিসের নেশায় বীর মরণ কে বরণ করছে?
১৩. হাউই চড়ে কিশোর কোথায় যেতে চায়?
১৪. চন্দ্র লোকের অচিনপুরে কিশোর কীভাবে যেতে চায়?

**কবিতার মূলভাব পড়বে:**

**যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:**

দ্ব, ত্ত, শ্ব, ন্দ্র, ব্র, জ

সাহানা পারভীন সুমি